

এপিএফএস আয়োজিত ১৫তম এশিয়ান ফেয়ার

২৫ অক্টোবর ২০০৯, রবিবার, টোকিওর ইতাবাশি-কু ট্যাক্স অফিস (বুঙ্কাকাইকান) এর সামনে অনুষ্ঠিত হলো এশিয়ান পিপল্‌স ফ্রেন্ডশিপ সোসাইটি (এপিএফএস) আয়োজিত ১৫তম এশিয়ান ফেয়ার। অনুষ্ঠানের আকর্ষণ সমূহ ছিলো এশিয়ান ফুড স্টল ভিলেজ, এশিয়ান স্টেজ, এশিয়ান ফ্লি মার্কেট ও প্রবাসীদের জন্য ভিসা কন্সাল্টেশন সার্ভিস। বাংলাদেশ, মিয়ানমার, ফিলিপিন, চীন, ইরান, পাকিস্তান সহ নানা দেশের প্রবাসীরা এই ফেয়ারে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল বাংলাদেশের উত্তরণ কালচারাল গ্রুপের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান। এশিয়ান ফুড ভিলেজে সব চেয়ে বেশী ভীড় ছিল, বাঙ্গালী রেস্তুরেন্ট মালিক হাসান বৈতালিকের রেস্তুরেন্ট পদায়া।

